

ক্রম	প্রকল্পের নাম ও বাস্তবায়নকারী সংস্থা	প্রকল্পের প্রধান উদ্দেশ্য
১	ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগ্রাম -২য় পর্যায় (এনএটিপি-২)	১) প্রধান প্রধান ফসলের উৎপাদনশীলতা ফসলভেদে ১০-১৫ ভাগ বৃদ্ধি করা; ২) সর্বমোট ২৭১৫০ টি সিআইজি দল গঠন; ৩) ৬০% সিআইজি গ্রন্থপে সদস্যদের মধ্যে কমপক্ষে ১ (এক)টি করে নতুন প্রযুক্তি গ্রহণ করবে; ৪) প্রকল্প সেবাপ্রাপ্ত ৯৩% কৃষককে সমেত্বাষজনক সেবা প্রদান; ৫) মানসম্পন্ন ফসলের চারা/কলম উৎপাদনের জন্য হাটিকালচার সেন্টারের উন্নয়ন; ৬) বীজ প্রত্যয়ন এজেন্সি ও পিপি উইঃ, ডিএই'র গবেষণাগার উন্নয়ন।
২	তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	তেলজাতীয় ফসলের সম্প্রসারণ এবং উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশে ভোজ্যতেলের চাহিদাপূরণ ও আমদানি ব্যয় হ্রাস করা।
৩	কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলাবীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (৩য় পর্যায়)	১) ইউনিয়ন ভিত্তিক "বীজ এসএমই" স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নত বীজ নিশ্চিতকরণ; ২) উন্নত বীজ ব্যবস্থাপনা ও অধুনিক প্রযুক্তি প্রয়োগে ডাল, তেল ও মসলা ফসলের উৎপাদন বৃদ্ধি; ৩) ডাল, তেল ও মসলা আমদানী হ্রাসের মাধ্যমে বৈদেশিক মুদ্রার সাশ্রয়; ৪) মৌ চাষের মাধ্যমে ফসলের ফলন বৃদ্ধি এবং গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি করা; ৫) সুস্বাদু মাত্রায় ডাল, তেল ও মসলা সরবরাহ করে মানব স্বাস্থ্যের পুষ্টি নিশ্চিত করা; ৬) উন্নত মানের বীজ ব্যবস্থাপনার ও মৌ চাষে মহিলাদের অংশগ্রহণে গ্রামীণ দারিদ্র্য হ্রাস এবং ৭) শস্য বিনিময়ে ডাল, তেল ও মসলা ফসল অর্ন্তভুক্ত করে পানি সাশ্রয় ও মাটির স্বাস্থ্য সুরক্ষা।
৪	উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (৩য় পর্যায়)	১) প্রাতিষ্ঠানিক কৃষক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ভৌত অবকাঠামো উন্নয়ন; ২) ১০৬টি উপজেলায় কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ ও ২০টি ইউনিয়ন কৃষক সেবা কেন্দ্র নির্মাণ; ৩) আধুনিক কৃষি ব্যবস্থাপনা বিষয়ে কৃষকদের পরিকল্পিত, বাস্তবধর্মী ও হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁদের দৃষ্টিভঙ্গির উন্নয়ন; ৪) সম্প্রসারণ কর্মীদের কারিগরী দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কৃষি গবেষণা লব্ধ ফলাফল ও মাঠ পর্যায়ের ফলাফলের মধ্যে ফলন পার্থক্য কমানো।
৫	পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প, (অক্টোবর/১৮-জুন ২০২৩),	১) নিরাপদ ফসল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের জনগণের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা, ২) প্রশিক্ষণের মাধ্যমে কৃষকের কারিগরী দক্ষতা এবং নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ক সচেতনতা বৃদ্ধি করে কৃষক, শ্রমিক ও ভোক্তার শারীরিক-মানসিক স্বাস্থ্য নিশ্চিত করা, ৩) খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও নিরাপদ খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য প্রদর্শনী স্থাপনের মাধ্যমে প্রমাণিত আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ করা, ৪) প্রকল্পের বিভিন্ন কার্যক্রমে মহিলাদের সম্প্রকৃততা বৃদ্ধির মাধ্যমে নিরাপদ ও গুণগত মানসম্পন্ন ফসল উৎপাদনে সচেতনতা বৃদ্ধি এবং আয়ের সুযোগ সৃষ্টি করা, ৫) সর্বোপরি টেকসই উন্নয়নের লক্ষ্যে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরা।
৬	বরিশাল, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠী, বরগুনা, মাদারীপুর ও শরিয়তপুর কৃষি উন্নয়ন প্রকল্প	১) পতিত জমি চাষের আওতায় আনা এবং একক ও বহুবিদ ফসলের আবাদ বৃদ্ধির মাধ্যমে শস্যের নিবিড়তা ৫% বৃদ্ধিকরণ, ২) আধুনিক ও এলাকা উপযোগী প্রযুক্তির মাধ্যমে ফলনের তারতম্য কুমিয়ে এবং কৃষি সেবা সম্প্রসারণের মাধ্যমে ৩% ফসল উৎপাদন বৃদ্ধিকরণ, ৩) পরিবর্তিত জলবায়ুর সাথে অভিযোজনের মাধ্যমে সাম্প্রতিক উদ্ভাবিত প্রযুক্তি এবং এলাকা উপযোগী ফসল ও জাত সম্প্রসারণ।
৭	আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প	১) সঠিক সময়ে সঠিক মূল্যে সঠিক জাতের উন্নতমানের ধান, গম ও পাট বীজ সহজলভ্য করে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি করা। ২) উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে মানসম্মত ধান, গম ও পাট বীজ চাষী পর্যায়ে উৎপাদন ও বিপণনের মাধ্যমে কৃষকের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন করা। ৩) কৃষক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের মধ্যকার সম্পর্ক জোরদার করে দ্রুত চাষী পর্যায়ে এলাকাভিত্তিক লাগসই নতুন জাত সম্প্রসারণ করা। ৪) মানসম্মত বীজ উৎপাদন ও বিপণনের মাধ্যমে ইউনিয়নের বীজের চাহিদা পূরণ ৫) উন্নতমানের বীজ ব্যবস্থাপনার মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি এবং গ্রামীণ দারিদ্র্য নারীদের ক্ষমতায়নের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

৮	কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	১) কৃষকগণের নিকট কৃষি আবহাওয়া সংক্রামত্ব তথ্যাদি পৌঁছে দেওয়া, আবহাওয়া এবং জলবায়ুর ক্ষতিকর প্রভাবসমূহের সাথে কৃষকগণের খাপ খাওয়ানোর সক্ষমতা বৃদ্ধি করা; ২) কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি প্রচলন করা এবং যথোপযুক্ত তথ্য এবং উপাত্ত প্রণয়ন করা; ৩) কৃষি ক্ষেত্রে আবহাওয়া সংক্রামত্ব ঝুঁকি সম্পর্কিত তথ্যাদি কৃষকগণের নিকট পৌঁছে দেওয়া; ৪) কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণের মাধ্যমে ডিএই'র সক্ষমতা বৃদ্ধি করা।
---	--	--